দৈনিক জনকণ্ঠ

JUN. 18 2002

কেশবপুরে দুর্নীতির দায়ে মাদ্রাসা সুপার বিতাড়িত

স্টাফ রিপোর্টার, যশোর অফিস ॥ চাকরি দেবার নামে ঘুষ নেয়া, মৃত ছাত্রীর নামে উপবৃত্তির টাকা উত্তোলন, নিয়মিত মাদ্রাসায় না আসাসহ বিভিন্ন দুর্নীতির অভিযোগে কেশবপুর উপজেলার গড়ভাঙ্গা ইসলামিয়া দাখিল মাদ্রাসার সুপার রেজাউল ইসলামকে মাদ্রাসা কমিটি ও শিক্ষকরা মাদ্রাসা থেকে বিতাড়িত করেছে।

জানা যায়, উক্ত মাদ্রাসার সুপার রেজাউল ইসলাম দু' বছর পূর্বে কম্পিউটার বিভাগে চাকরি দেয়ার কথা বলে উপজেলার ব্যালোকাটি গ্রামের আহম্মদ আলীর পুত্র আবদুল আজিজের নিকট থেকে ৩৭ হাজার টাকা গ্রহণ করে। মাদ্রাসায় বিনা বেতনে ২ বছর শ্রম দেয়ার পর একই পদে পুনরায় এক লাখ ৪০ হাজার টাকা চুক্তিতে পাঁচ বাকাবশী গ্রামের রফিকুল ইসলামকে চাকরি দেয়ার জন্য সম্প্রতি উপজেলা নির্বাহী অফিসে নিয়োগ বোর্ড বসায়। নিয়োগ বোর্ডে আব্দুল আজিজ সুপারের বিরুদ্ধে মাদ্রাসার প্যাডে চাকরি দেয়ার চুক্তিপত্রসহ অভিযোগ দায়ের করলে নিয়োগ বোর্ড বাতিল করা হয়। সূত্র জানায়, উক্ত মাদ্রাসার মৃত ৬ষ্ঠ শ্রেণীর ছাত্রী সুমনার (আইডি কার্ড নং ১০০) নামে মাদ্রাসার সুপার উপবৃত্তির টাকা উত্তোলন করে আত্মসাত করে আসছেন। এছাড়া নিয়মিত মাদ্রাসায় না এসেও উপস্থিত খাতায় স্বাক্ষর করার অভিযোগ পাওয়া যায়। এ সমস্ত অনিয়ম ও দুর্নীতির অভিযোগে গত পয়লা জুন সকালে মাদ্রাসা পরিচালনা কমিটি এবং অন্য শিক্ষকরা জোটবদ্ধ হয়ে সুপার রেজাউল ইসলামের নিকট থেকে যাবতীয় খাতাপত্র এবং মাদ্রাসার চাবি কেড়ে নিয়ে তাকে মাদ্রাসা থেকে বের করে দেয়। এ ঘটনায় সুপার উপজেলা নির্বাহী অফিসারের কাছে ওই দিনই লিখিত অভিযোগ দায়ের করেছেন বলে উপজেলা নির্বাহী অফিসার জানান।